

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৫৫

১৫/ विधि-विधान ও विठात (إلله عن رسول الله عن رسول الله)

পরিচ্ছেদঃ রুকবা প্রসঙ্গে।

باب مَا جَاءَ فِي الرُّقْبَى

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا هُشَيْمٌ، عَنْ دَاوُدَ بْنِ أَبِي هِنْدٍ، عَنْ أَبِي الزُّبيْرِ، عَنْ جَابِرٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الْعُمْرَى جَائِزَةٌ لأَهْلِهَا وَالرُّقْبَى جَائِزَةٌ لأَهْلِهَا وَالرُّقْبَى جَائِزَةٌ لأَهْلِهَا وَالرُّقْبَى جَائِزَةٌ لأَهْلِهَا وَالرَّقْبَى جَائِزَةٌ لأَهْلِهَا وَالرَّقْبَى جَائِزَةٌ لأَهْلِهَا وَالرَّقْبَى عَنْ أَبِي الزُّبيْرِ بِهِذَا الإِسْنَادِ عَنْ جَابِرٍ مَوْقُوفًا وَلَمْ يَرْفَعْهُ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النّبِيّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنَّ الرُّقْبَى جَائِزَةٌ مِثْلَ الْعُمْرَى . وَهُو قَوْلُ أَحْمَدُ وَإِسْحَاقَ . وَفَرَّقَ بَعْضُ أَهْلِ الْعُمْرَى وَالرُّقْبَى فَأَجَازُوا الْعُمْرَى وَلَمْ الْعُمْرَى وَالرُّقْبَى فَأَجَازُوا الْعُمْرَى وَهِيَ لِمَنْ فَلْ الْكُوفَةِ وَغَيْرِهِمْ بَيْنَ الْعُمْرَى وَالرُّقْبَى فَلْ الْعُمْرَى وَهِيَ لِمَنْ فَلْ الْعُمْرَى وَهِيَ لِمَنْ فَإِنْ مِتَ قَبْلِي فَهِيَ رَاجِعَةٌ إِلَى الْأَوْلِ .

বাংলা

১৩৫৫. আহমাদ ইবনু মানী' (রহঃ) জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''ইমরা'' তার অধিকারীর জন্য জায়েয এবং ''রুকবা'' তার অধিকারীর জন্য জায়েয। - ইবনু মাজাহ ২৩৮৩, মুসালিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৫১ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান। কোন কোন রাবী এটিকে আবূ যুবায়র (রহঃ) ... জাবির রাদিয়াল্লাহু আনহু সূত্রে মাওকুপরূপে বর্ণণা করেছেন। কতক সাহাবী ও অপরাপর আলিম এই হাদীস অনুসারে আমল করেছেন। তারা বলেন, "উমরা" এর মত "রুকবা"-ও জাইয। এ হল ইমাম আহমাদ ও ইসহাক (রহঃ) এর অভিমত। কুফাবাসী কতক আলিম উমরা ও রুকবা এর মধ্যে পার্থক্য করেন। তারা "উমরা" জায়েয রেখেছেন কিন্তু রুকবা জায়েয রাখেননি।

রুকবা-এর ব্যাখ্যা হল, কেউ কাউকে বলল, এই বস্তুটি তোমার, যতদিন তুমি জীবিত থাকবে। তুমি যদি আমার



পূর্বে মারা যাও তবে তা আমার কাছেই প্রত্যার্পিত হবে। (আর আমি যদি তোমার পূর্বে মারা যাই তবে তা তোমার)। ইমাম আহমাদ ও ইসহাক (রহঃ) বলেন, "রুকবা" হল উমরা এর মত। যাকে রুকবা হিসাবে বস্তুটি প্রদান করা হবে সেটি তারই হয়ে যাবে। প্রথম জন অর্থাৎ দাতার কাছে তা প্রত্যার্পিত হবে না।

English

Jabir narrated that the Messenger of Allah (ﷺ) said:

"The lifelong gift is permitted for its inhabitant, and the Ruqba is permitted for its inhabitant."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন